



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং-২৩০/ক/অনু:/২০১২/৩৭০৬

তারিখ: ০৫/০৩/২০২০

বিষয় : প্রাথমিক পাঠদানের সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ গাজীপুর জেলার সদরে অবস্থিত “গাজীপুর মডেল কলেজ” এর প্রাথমিক পাঠদানের সময়সীমা ১৭-০৭-২০১৬ থেকে ৩০-০৬-২০২০ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

শাখাসমূহ :

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা ৩। বিজ্ঞান

বিষয়সমূহ :

আবশ্যিক :

১. বাংলা
২. ইংরেজি
৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক :

১. পৌরনীতি ও সুশাসন
২. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
৩. পরিসংখ্যান
৪. সমাজকর্ম

ব্যবসায় শিক্ষা :

১. হিসাববিজ্ঞান
২. ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
৩. উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
৪. কৃষি শিক্ষা

বিজ্ঞান :

১. পদার্থ বিজ্ঞান
২. রসায়ন
৩. জীববিজ্ঞান
৪. উচ্চতর গণিত

শর্তসমূহ :

- ১। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ২। শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ৩। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ৪। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৫। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৬। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ৭। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ৮। কোন শর্ত প্রতিপালনের ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

(অপর পাতায় দ্রষ্টব্য.....২)

পাতা-০২

- ৯। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ১০। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ১১। উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ১২। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



০৪-০৩-২০২০

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১২৪৭৬

ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

গাজীপুর মডেল কলেজ [EIIN: 136327]

সদর, গাজীপুর।

মেমো নং- ১৭০৩ (৫)

তারিখ: ০৪/০৩/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

- ১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। অফিস কপি



০৪-০৩-২০২০

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

